

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ সেপ্টেম্বর ২০১৪/ ২৭ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৫২ -Civil Registration and Vital Statistics (CRVS) কার্যক্রমের সার্বিক সমন্বয় এবং এ সংক্রান্ত বিষয়ে পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে সরকার নিম্নরূপ স্টিয়ারিং কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম : সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটি  
[ Civil Registration and Vital Statistics (CRVS)]

(খ) কমিটির গঠন:

১.	মন্ত্রিপরিষদ সচিব	-	আহ্বায়ক
২.	সিনিয়র সচিব, অর্থ বিভাগ	-	সদস্য
৩.	সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ	-	সদস্য
৪.	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	-	সদস্য
৫.	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
৬.	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	-	সদস্য
৭.	সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	-	সদস্য
৮.	সচিব, পরিকল্পনা বিভাগ	-	সদস্য
৯.	সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-	সদস্য
১০.	সচিব, নির্বাচন কমিশন সচিবালয়	-	সদস্য
১১.	সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	-	সদস্য
১২.	সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	-	সদস্য
১৩.	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	-	সদস্য
১৪.	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	-	সদস্য
১৫.	প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ	-	সদস্য


(গ) কমিটির কার্যপরিধি:

- (১) Civil Registration and Vital Statistics (CRVS)-ব্যবস্থার সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে গৃহীত কার্যক্রমের সমন্বয় সাধন;
- (২) CRVS-কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান;
- (৩) CRVS-বিষয়ক কৌশলপত্র, কর্মপরিকল্পনা ইত্যাদি পর্যালোচনা;
- (৪) CRVS-সংশ্লিষ্ট অন্যান্য প্রয়োজনীয় বিষয়।

৫

- ২। প্রফেসর ডা. আবুল কালাম আজাদ, অতিরিক্ত মহাপরিচালক (পওউ), স্বাস্থ্য অধিদপ্তর এবং জনাব আনীর চৌধুরী, পলিসি এ্যাডভাইজার, এটুআই প্রোগ্রাম বিশেষ আমন্ত্রণক্রমে স্টিয়ারিং কমিটির সভায় অংশগ্রহণ করিবেন।
- ৩। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- ৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল ]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪- ১৫২

তারিখ..... ২৭ ভাদ্র ১৪২১  
১১ সেপ্টেম্বর ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
  - ২। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।
  - ৩। মহাপরিচালক/ প্রকল্প পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/ স্বাস্থ্য অধিদপ্তর/ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প।
  - ৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
  - ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। ( প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
  - ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ✓ ৭। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ।

  
(মোঃ জয়নাল আবেদীন)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১১০৮১